

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

মিসর রাজ মুকাউকিসের নিকটে পত্র (الكتاب إلى المقوقس ملك مصر)

মিসর ও আলেকজান্দ্রিয়ার (الْإِسكَندَرِيَّة) খ্রিষ্টান সম্রাট জুরায়েজ বিন মীনা(جُرَيْج بنُ مِيْنَاء) ওরফে মুকাউকিস (الْمُقَوقِس) এর নিকটে রাসূলুল্লাহ (ছাঃ) একটি পত্র লেখেন। যার বাহক ছিলেন হযরত হাতেব বিন আবু বালতা আহ (রাঃ)। পত্রটি ছিল নিম্নরূপ:

بِسْمِ اللهِ الرَّحْمَنِ الرَّحِيمِ، مِنْ مُحَمَّدٍ عَبْدِ اللهِ وَرَسُوْلِهِ إِلَى الْمُقَوْقِسِ عَظِيمِ الْقِبْطِ سَلاَمٌ عَلَى مَنْ اتَبَعَ الْهُدَى أَمَّا بَعْدُ فَإِنّي أَدْعُوْكَ مِرّتَيْنِ فَإِنْ تَوَلِّيْتَ فَإِنَّ عَلَيْكَ إِثْمَ الْقِبْطِ – يَا أَهْلَ الْكُوْتِكَ اللهُ أَجْرَكَ مَرّتَيْنِ فَإِنْ تَوَلِّيْتَ فَإِنَّ عَلَيْكَ إِثْمَ الْقِبْطِ – يَا أَهْلَ الْكَوَتَابِ تَعَالَوْا إِلَى كَلِمَةٍ سَوَاءٍ بَيْنَنَا وَبَيْنَكُمْ أَلاَّ نَعْبُدَ إِلاَّ اللهَ وَلاَ نُشْرِكَ بِهِ شَيْئًا وَلاَ يَتّخِذَ بَعْضَنَا بَعْضًا أَرْبَابًا مِنْ دُوْنِ اللهِ فَإِنْ تَوَلَّوْا فَقُولُوْا اشْهَدُوْا بِأَنَّا مُسْلِمُوْنَ ـ

'করুণাময় কৃপানিধান আল্লাহর নামে'- 'আল্লাহর বান্দা ও তাঁর রাসূল মুহাম্মাদের পক্ষ হ'তে ক্বিবতীদের সম্রাট মুকাউকিসের প্রতি'। শান্তি বর্ষিত হৌক তাঁর প্রতি, যিনি হেদায়াতের অনুসরণ করেন। অতঃপর আপনাকে ইসলামের দাওয়াত দিচ্ছি। ইসলাম গ্রহণ করুন। নিরাপদ থাকুন। ইসলাম গ্রহণ করুন। আল্লাহ আপনাকে দ্বিগুণ পুরস্কার দান করবেন। কিন্তু যদি মুখ ফিরিয়ে নেন, তাহ'লে ক্বিবতীদের (অর্থাৎ মিসরীয়দের ইসলাম গ্রহণ না করার) পাপ আপনার উপরে বর্তাবে। (আল্লাহ বলেন,) 'হে কেতাবধারীগণ! তোমরা এস…' (আলে ইমরান ৩/৬৪)।



দ্বীনের প্রতিই আপনাকে দাওয়াত দিচ্ছি'।

মুকাউকিস বললেন, আমি এ নবীর বিষয়ে চিন্তা-ভাবনা করেছি। আমি তাকে পেয়েছি এভাবে যে, তিনি কোন অপছন্দনীয় কাজের নির্দেশ দেন না। আমি তাঁকে ভ্রম্ট জাদুকর বা মিথ্যুক গণৎকার হিসাবে পাইনি। আমি তাঁর সাথে নবুঅতের এই নিদর্শন পাচ্ছি যে, তিনি গায়েবী খবর প্রকাশ করছেন এবং পরামর্শের (মাধ্যমে কাজ করার) নির্দেশ দিচ্ছেন। অতএব আমি ভেবে দেখব'। অতঃপর তিনি পত্রখানা সসম্মানে হাতীর দাঁত দ্বারা নির্মিত একটি মূল্যবান বাক্সে রাখলেন এবং সীলমোহর দিয়ে যত্নসহকারে রাখার জন্য দাসীর হাতে দিলেন। অতঃপর আরবী জানা একজন কেরানীকে ডেকে নিম্নোক্ত জওয়াবী পত্র লিখলেন-

بِسْمِ اللهِ الرَّحْمَنِ الرَّحِيْمِ، لِمُحَمَّدِ بْنِ عَبْدِ اللهِ مِنَ الْمُقَوْقِسِ عَظِيمِ الْقِبْطِ سَلاَمٌ عَلَيْك أَمَّا بَعْدُ : فَقَدْ قَرَأْتُ كِتَابَك وَفَهِمْتُ مَا ذَكَرْتَ فِيهِ وَمَا تَدْعُو إِلَيْهِ وَقَدْ عَلِمْتُ أَنَّ نَبِيًّا بَقِيَ وَكُنْتُ أَظُنُّ أَنَّهُ يَخْرُجُ بِالشَّامِ وَقَدْ أَكْرَمْتُ رَسُوْلَك وَبَعَثْتُ إِلَيْك بِجَارِيَتَيْن لَهُمَا مَكَانٌ فِي الْقِبْطِ عَظِيمٌ وَبِكِسْوَةٍ وَأَهْدَيْتُ إِلَيْك بَغْلَةً لِتَرْكَبَهَا وَالسَّلاَمُ عَلَيْك\_

'করুণাময় কৃপানিধান আল্লাহর নামে' 'মুহাম্মাদ ইবনে আব্দুল্লাহর জন্য ক্বিবতী সম্রাট মুক্কাউকিবসের পক্ষ হ'তে-আপনার উপরে শান্তি বর্ষিত হউক! অতঃপর আমি আপনার পত্র পাঠ করেছি এবং সেখানে আপনি যা বর্ণনা করেছেন ও যেদিকে আহবান জানিয়েছেন, তা অনুধাবন করেছি। আমি জানি যে, একজন নবী আসতে বাকী রয়েছেন। আমি ধারণা করতাম যে, তিনি শাম (সিরিয়া) থেকে আবির্ভূত হবেন। আমি আপনার দূতকে সম্মান করেছি। আমি আপনার জন্য দু'জন দাসী পাঠালাম। ক্বিবতীদের মধ্যে যাদের উচ্চ মর্যাদা রয়েছে। আপনার জন্য এক জোড়া পোষাক এবং বাহন হিসাবে একটি খচ্চর উপটোকন স্বরূপ পাঠালাম। আপনার উপরে শান্তি বর্ষিত হৌক!'

মুকাউকিস এর বেশী কিছু লেখেননি, ইসলামও কবুল করেননি। দাসী দু'জন ছিল মারিয়াহ(مَارِيَةُ بِنتِ شَمْعُون) ও তার বোন সীরীন (سِیْرِینُ) মারিয়া কিবতিয়ার গর্ভে রাসূল (ছাঃ)-এর শেষ সন্তান ইবরাহীমের জন্ম হয়। সীরীনকে কবি হাসসান বিন ছাবিত আনছারীকে দেওয়া হয়। 'দুলদুল' নামক উক্ত খচ্চরটি মু'আবিয়া (রাঃ)-এর যামানা পর্যন্ত জীবিত ছিল'।[1]

## ফুটনোট

[1]. যাদুল মা'আদ ৩/৬০৪; হায়ছামী, মাজমাউয যাওয়ায়েদ হা/৬৭৫১, সনদ ছহীহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5528

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন